**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 05-01-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, দেশ বিদেশের পর্যটকদের নিরাপত্তার কথা মাথায় রেখে রাজ্যে টুরিস্ট পুলিশ নিয়োগের পরিকল্পনা করছে রাজ্য সরকার।**

**(২) রাজ্য জুড়ে শীতের প্রকোপ বৃদ্ধির ফলে আগামীকাল থেকে ১০ই জানুয়ারী পর্যন্ত রাজ্যে সমস্ত সরকারী, সরকার অনুমোদনপ্রাপ্ত বিদ্যালয় ও বেসরকারী বিদ্যালয়ে ছুটি ঘোষণা ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, গত হাজার বছর ধরে সোমনাথ মন্দিরের স্থায়ীত্ব দেশের অদম্য সভ্যতার চেতনাকে প্রতিফলিত করে।**

**(৪) দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক ভগবান বীরসা মুন্ডা আন্তঃ এসটি হোস্টেল ফুটবল প্রতিযোগিতা বালিকা বিভাগে চ্যাম্পিয়ান বিলোনীয়া এস.টি গার্লস হোস্টেল ।**

*****************************************

**CM–Jirania :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, দেশ বিদেশের পর্যটকদের নিরাপত্তার কথা মাথায় রেখে রাজ্যে টুরিস্ট পুলিশ নিয়োগের পরিকল্পনা করছে রাজ্য সরকার। স্পেশাল এক্সিকিউটিভ যখন নিয়োগ করা হবে, তাদের মধ্যে থেকে বাছাই করে টুরিস্ট পুলিশ নিয়োগের দিকটিও খতিয়ে দেখছে সরকার। আজ জিরানিয়ার শচীন্দ্রনগরে দ্বিতীয় পর্যায়ের স্বদেশ দর্শন প্রকল্পের অধীনে ত্রিপুরা হেরিটেজ ভিলেজ, অ্যামিউজমেন্ট পার্ক এবং সহ বিভিন্ন উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করে তিনি একথা বলেন।

মুখ্যমন্ত্রী বলেন, দেশী বিদেশি পর্যটকদের আকৃষ্ট করার ক্ষেত্রে রাজ্যের পর্যটন দপ্তর নিরলস ভাবে কাজ করে চলেছে। এই ক্ষেত্রে সারা দেশের মধ্যে উল্লেখযোগ্য স্থানে চলে এসেছে ত্রিপুরা। পর্যটন খাতে পরিকল্পিত বিনিয়োগ, পরিকাঠামোর উন্নয়ন এবং যোগাযোগ ব্যবস্থার সম্প্রসারণ রাজ্যের অর্থনীতিকে নতুন গতি দিয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী ও পশ্চিম ত্রিপুরা জেলার জিলা সভাধিপতি বিশ্বজিৎ শীল।

****************************

**School Close-Cold Weather :**

রাজ্য জুড়ে শীতের প্রকোপ বৃদ্ধির ফলে রাজ্য সরকার আগামীকাল থেকে আগামী ১০ই জানুয়ারী পর্যন্ত রাজ্যের সমস্ত সরকারী, সরকার অনুমোদনপ্রাপ্ত বিদ্যালয় ও বেসরকারী বিদ্যালয়ে ছুটি ঘোষণা করেছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ সন্ধ্যায় এখবর জানিয়েছেন।

এদিকে, আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রার মধ্যে ব্যবধান কম হওয়ায় বেশি ঠান্ডা অনুভূত হচ্ছে। আগামী ৩-৪ দিন এই পরিস্থিতি অব্যাহত থাকতে পারে। আজ রাত থেকে আগামীকাল পশ্চিম জেলা, খোয়াই, গোমতী, সিপাহীজলা জেলার কিছু স্থানে ঘন কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ১৬.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ১৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

******************************

**Governor-Kathalia :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ সন্ধ্যায় সিপাহীজলা জেলার কাঁঠালিয়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে ৫ দিন ব্যাপী দ্বিতীয় কাঁঠালিয়া ব্লকভিত্তিক পিঠে পুলি উৎসবের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য, প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক, বিধায়ক ভগবান দাস,

বিন্দু দেবনাথ প্রমুখ। প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক বলেন, গ্রাম বাংলার পরম্পরা ও ঐতিহ্য তুলে ধরতে বিভিন্ন স্ব-সহায়ক দলের মহিলারা তাদের হাতে বানানো রকমারি পিঠা পুলি নিয়ে এই উৎসবে অংশ গ্রহণ করেন।

******************************

**Voice Over-India's Energy Moment :**

জ্বালানি ক্ষেত্রে ভারতের উজ্জ্বল মুহূর্ত বলা যেতে পারে ২০২৫ সালকে। এক্ষেত্রে সংস্কার বাস্তবায়ন এবং বিরল ঘোষণা বিস্ময়করভাবে একটি নির্দিষ্ট মুহূর্তে সম্ভব করে তোলা হয়েছে। সাধারণভাবে জ্বালানি ক্ষেত্রে রূপান্তর নীরবে বিকশিত হয়। ২০২৫ সালে একসঙ্গে অনেকগুলি বিষয় ভারতের জ্বালানি ক্ষেত্রে রূপবদলের উপাখ্যান রচনা করেছে। এনিয়ে একটি প্রতিবেদন।

#########VC########

******************************

**Earthquake :**

আজ ভোর ৪টা ১৭ মিনিটে আসাম, ত্রিপুরা সহ উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্যে ভূ-কম্পন অনুভূত হয়। আসামে রিখটার স্কেলে কম্পনের মাত্রা ছিল ৫.১। ব্রহ্মপুত্রের দক্ষিণ তীরে মরিগাঁও জেলায় ছিল ভূমিকম্পের কেন্দ্রস্থল। ন্যাশনাল সেন্টার ফর সিসমোলজি জানিয়েছে, ভূ পৃষ্ঠের প্রায় ৫০ কিলোমিটার গভীরে উৎপত্তি এই কম্পনের। রাজ্যে গোমতি জেলায় রিখটার স্কেলে ভূ-কম্পনের মাত্রা ছিল ৩.৯।

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ–আই–আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে–এ এ–আই–আর–নিউজ–এলার্টস–এ। ইউ–টিউব–এ লক্ষ্য করুন নিউজ–অন–এআইআর–অফিসিয়াল–এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ–আই–আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**PM, Somnath Temple :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে গত হাজার বছর ধরে সোমনাথ মন্দিরের স্থায়ীত্ব দেশের অদম্য সভ্যতার চেতনাকে প্রতিফলিত করে। তিনি বলেন, বারবার আক্রমণ এবং প্রচণ্ড প্রতিকূলতার পরেও সোমনাথ মন্দির মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে। এক হাজার ২৬ সালে সোমনাথ মন্দিরে প্রথম আক্রমণের পর থেকে এক হাজার বছরের ঐতিহাসিক মাইলফলক উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেছেন, সোমনাথ শব্দটি শুনলে মানুষের হৃদয় ও মনে গর্বের অনুভূতি জাগে। তিনি বলেছেন, এটি দেশের আত্মার চিরন্তন ঘোষণা, এবং এই রাজকীয় মন্দিরটি দেশের পশ্চিম উপকূলে গুজরাটে প্রভাস পাটন নামক স্থানে অবস্থিত।

#######Byte–PM######

সোমনাথ মন্দির পুনরুদ্ধারে অবদানকারীদের প্রচেষ্টার প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেন, ২০২৬ সালে পুনরুদ্ধারকৃত মন্দিরটি ভক্তদের জন্য উন্মুক্ত হওয়ার ৭৫ বছর পূর্তি আরেকটি গুরুত্বপূর্ণ মাইলফলক হবে।

প্রধানমন্ত্রী সোমনাথ এবং কাশী বিশ্বনাথ সহ দেশজুড়ে বেশ কয়েকটি মন্দির পুনরুদ্ধারে ভূমিকার জন্য দেশের প্রথম রাষ্ট্রপতি ডঃ রাজেন্দ্র প্রসাদ এবং অহল্যাবাই হোলকারের প্রতি শ্রদ্ধা জানান। তিনি ১৮৯০–এর দশকে স্বামী বিবেকানন্দের সোমনাথ সফরের কথাও স্মরণ করেন এবং ১৮৯৭ সালে

তাঁর চেন্নাই বক্তৃতা উদ্ধৃত করেন, যেখানে বিবেকানন্দ বলেছিলেন যে সোমনাথের মতো মন্দিরগুলি ভারতের ইতিহাস এবং চেতনা সম্পর্কে বইয়ের চেয়ে বেশি কিছু প্রকাশ করে।

প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে বিশ্ব আশার সঙ্গে ভারতের দিকে তাকিয়ে আছে এবং তারা দেশের উদ্ভাবনী তরুণদের উপর বিনিয়োগ করতে চায়।

তিনি বলেন, ভারতের শিল্প, সংস্কৃতি, সঙ্গীত এবং বেশ কয়েকটি উৎসব বিশ্বব্যাপী ছড়িয়ে পড়ছে, অন্যদিকে যোগব্যায়াম এবং আয়ুর্বেদ সুস্থ জীবনযাত্রার প্রচারের মাধ্যমে বিশ্বব্যাপী প্রভাব ফেলছে। তিনি উল্লেখ করেন যে, কিছু গুরুত্বপূর্ণ বৈশ্বিক চ্যালেঞ্জের সমাধানও দেশ থেকে বেরিয়ে আসছে।

****************************

**G RAM G :**

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন যে বিকশিত ভারত - জি র‍্যাম জি আইনটি পূর্ববর্তী এমজিএনরেগা প্রকল্পে স্বচ্ছতা আনতে আনা হয়েছে। আজ তামিলনাড়ুর ইরোডে কৃষকদের উদ্দেশ্যে ভাষণ দিতে গিয়ে মন্ত্রী বলেন যে এই প্রকল্পটি সুবিধাভোগীদের জন্য ১২৫ দিন পর্যন্ত বাড়ানো হয়েছে।

****************************

**Package Story-VB G Ram G :**

গ্রামীণ ভারতের উন্নয়নে এক নতুন দিশা দেখাতে চলেছে  ভিবি-জি রাম জি বা বিকশিত ভারত-জি রাম জি আইন, ২০২৫। এই আইন গ্রামীণ মানুষের জীবন ও জীবিকায় গুরুত্বপূর্ণ পরিবর্তন আনতে চলেছে। এনিয়ে একটি প্রতিবেদন।

#######VC#######

******************************

**Birsha Munda-Football :**

দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক ভগবান বীরসা মুন্ডা আন্তঃ এসটি হোস্টেল ফুটবল প্রতিযোগিতা আজ শান্তিরবাজার মহকুমার আভাংছড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি দীপক দত্ত। প্রতিযোগিতায় বালিকা বিভাগে বিলোনীয়া এস.টি গার্লস হোস্টেল চ্যাম্পিয়ন হয়। রানার্স আপ হয়েছে সাতচান্দ এস.টি গার্লস হোস্টেল দল। চ্যাম্পিয়ন দল রাজ্যভিত্তিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। আগামীকাল বালক বিভাগের খেলা অনুষ্ঠিত হবে।

***************************

**National Youth Festival :**

জাতীয় যুব দিবস উপলক্ষে দিল্লিতে আগামী ৯ই জানুয়ারী থেকে ১২ই জানুয়ারী পর্যন্ত অনুষ্ঠিতব্য বিকশিত ভারত ইয়ং ডায়ালগে অংশ নিতে ত্রিপুরা থেকে ৬২ জনের যুবদল আজ রওয়ানা হয়েছে। আজ সকালে আগরতলার উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গনে আয়োজিত এক অনুষ্ঠানে ক্রীড়া ও যুব কল্যান মন্ত্রী টিংকু রায় তাদের সংবর্ধনা জানান।

****************************